সংবাদ

তারিখ ... 25.5.84 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম 5 ...

002

# গ্রামীণ মহিলাদের নিরক্ষরতা দূরীকরণ সংক্রান্ত সেমিনার

আগামী ২৯শে মে, মঙ্গলবার ১৯৮৪ বাংলাদেশ জাতিসংঘ সমিতি ইউনেস্কো ও বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের সহযোগিতায় আয়োজিত "উন্নয়নশীল দেশে গ্রামীণ মহিলাদের নিরক্ষরতা দূরীকরণে স্বেচ্ছাসেবী সংস্থাসমূহের ভূমিকা" শীর্ষক তিনদিনব্যাপী এক জাতীয় সেমিনার শুরু হবে। এর উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী ও বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের চেয়ারম্যান ডঃ আবদুল মজিদ খান। উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করবেন বাংলাদেশ জাতিসংঘ সমিতির সহ-সভানেত্রী এবং ইন্টারন্যাশনাল এলায়েন্স অব ওমেনের সহ-সভানেত্রী ডঃ মিসেস নীলিমা ইব্রাহিম। সেমিনারে উপস্থাপিত ১৪টি প্রবন্ধ পাঠকের ও বিভিন্ন কর্মঅধিবেশনের সভাপতিদের মধ্যে রয়েছেন ডঃ আবদুল্লা আল-মুতী শরফুদ্দিন, জনাব মোহাম্মদ ফেরদৌস খান, প্রফেসর হামিদা খানম, প্রফেসর মেহের কবীর, ডঃ হামিদা হোসেন, মিসেস শামীমা ইসলাম, মিসেস মাহমুদা ইসলাম, প্রফেসর সেলিনা বাহার জামান, জনাব আবুল কাসেম সন্দীপ, ডঃ শাহজাহান তপন, অধ্যাপিকা কাজী মদিনা, প্রফেসর আবদুর রশীদ চৌধুরী, জনাব সাদেকুর রহমান, বিশিষ্ট শিক্ষাবিদ ও মহিলা বিষয়ক গবেষক রওশন জাহান সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করবেন। খবর প্রেস বিজ্ঞপ্তির।